

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৩, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ ভাদ্র ১৪১৪/০৩ সেপ্টেম্বর ২০০৭

এস, আর, ও নং ২১৬-আইন/২০০৭/৪৮১-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। শিরোনাম।—এই বিধিমালা ভবন নির্মাণ সংস্থা ও ভূমি উন্নয়ন সংস্থার সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর পরিশোধের সময় ও পদ্ধতি নির্ধারণ বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) “কর” অর্থ মূল্য সংযোজন কর;

(গ) “ভবন নির্মাণ সংস্থা” বা “ভূমি উন্নয়ন সংস্থা” অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭০-আইন/২০০০/২৬৯-মূসক, তারিখ ২৫ জ্যৈষ্ঠ, ১৪০৭ বঙ্গাব্দ মোতাবেক ০৮ জুন, ২০০০ খ্রিস্টাব্দ, এর টেবিল এর কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০১০.১০ ও S০১০.২০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত “ভূমি উন্নয়ন সংস্থা” বা “ভবন নির্মাণ সংস্থা”।

( ৭৮১৩ )

মূল্য ঃ টাকা ২.০০

৩। কর ধার্যকরণ, ইত্যাদি।—আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিমালায় যাহা কিছু থাকুক না কেন, এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা সেবার ক্ষেত্রে আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা মোতাবেক প্রযোজ্য হারে কর আদায় করা হইবে।

৪। কর পরিশোধের সময় ও পদ্ধতি।—(১) কোনো ফ্ল্যাট, এ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের ক্ষেত্রে উহার দলিল রেজিস্ট্রেশনের পূর্বে বিধি ৩ এ উল্লিখিত হারে ভবন নির্মাণ সংস্থা ও ভূমি উন্নয়ন সংস্থাকে কর পরিশোধ করিতে হইবে।

(২) কোন ফ্ল্যাট, এ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের আংশিক বা পূর্ণ মূল্য পরিশোধের সময় বিধি ৩ এর অধীন ধার্যকৃত করের আংশিক বা সমুদয় পরিশোধ করা হইলে দলিল রেজিস্ট্রেশনের সময় পরিশোধিত কর পুনরায় পরিশোধ করিতে হইবে না।

(৩) কোন ফ্ল্যাট, এ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের দলিল রেজিস্ট্রেশনের সময় বিধি ৩ অনুযায়ী ধার্যকৃত করের আংশিক বা সমুদয় অংশ অপরিশোধিত থাকিলে উহা পরিশোধপূর্বক প্রমাণপত্র দাখিল সাপেক্ষে রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাইবে।

৫। অপরাধ ও দণ্ড আরোপ।—কোন ব্যক্তি যদি এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করেন, তা হইলে উক্ত লঙ্ঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি আইনের ধারা ৭২ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী দণ্ডনীয় হইবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আব্দুল মান্নান শিকদার

প্রথম সচিব

মুসক (নীতি ও বাজেট)।